

নং-৫১.০০.০০০০.৪২২.২২.০০৩.২১.৩৭


তারিখঃ ২১ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ  
০৬ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০২১ সংশোধন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০২১ এর ৮(ছ)(৩) অনুচ্ছেদ সংশোধন নিম্নরূপঃ

বিদ্যমান	সংশোধনী
<p><b>অনুচ্ছেদ ৮(ছ)(৩):</b> প্রকল্প বাস্তবায়ন কমিটির সকল সদস্যকে অবশ্যই ইউনিয়নের অধিবাসী হইতে হইবে। প্রত্যেক কমিটিতে অন্ততপক্ষে একজন মহিলা সদস্য থাকিবেন। চেয়ারম্যানসহ কমিটির সদস্য সংখ্যা ৫ জন হইবে। স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, প্রকল্প সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার, সংশ্লিষ্ট ওয়ার্ডের মহিলা মেম্বারগণের মধ্য হইতে প্রকল্প চেয়ারম্যান মনোনীত হইবেন। তবে কোন কারণে সংশ্লিষ্ট চেয়ারম্যান/মেম্বার অনুপস্থিত থাকিলে ইউনিয়ন পরিষদ কর্তৃক সিদ্ধান্তের মাধ্যমে অন্য কোন মেম্বারকে প্রকল্প চেয়ারম্যান হিসাবে মনোনয়ন দেওয়া যাইতে পারে।</p>	<p><b>অনুচ্ছেদ ৮(ছ)(৩)(১):</b> প্রকল্প বাস্তবায়ন কমিটির সকল সদস্যকে অবশ্যই ইউনিয়নের অধিবাসী হইতে হইবে। প্রত্যেক কমিটিতে অন্ততপক্ষে একজন মহিলা সদস্য থাকিবেন। চেয়ারম্যানসহ কমিটির সদস্য সংখ্যা ৫ জন হইবে। স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, প্রকল্প সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার, সংশ্লিষ্ট মহিলা মেম্বারগণের মধ্য হইতে প্রকল্প চেয়ারম্যান মনোনীত হইবেন। তবে কোন কারণে সংশ্লিষ্ট চেয়ারম্যান/মেম্বার অনুপস্থিত থাকিলে ইউনিয়ন পরিষদ কর্তৃক সিদ্ধান্তের মাধ্যমে অন্য কোন মেম্বারকে প্রকল্প চেয়ারম্যান হিসাবে মনোনয়ন দেওয়া যাইতে পারে।</p> <p><b>অনুচ্ছেদ ৮(ছ)(৩)(২):</b> অনুচ্ছেদ ৮(ছ)(৩)(১) অনুযায়ী যদি প্রকল্প চেয়ারম্যান মনোনয়ন সম্ভব না হয় অর্থাৎ কোন কারণে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ওয়ার্ড মেম্বার, মহিলা মেম্বার ইত্যাদি পদশূন্য/বরখাস্ত/পলাতক থাকেন সেক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সিদ্ধান্তের মাধ্যমে প্রকল্প সংশ্লিষ্ট ওয়ার্ডের গণ্যমান্য ব্যক্তিকে প্রকল্প চেয়ারম্যান হিসাবে মনোনয়ন দেওয়া যাইতে পারে।</p>

এমতাবস্থায়, বর্ণিত সংশোধন অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০৬/০৩/২৫  
(মোঃ গোলাম রব্বানী)  
উপসচিব (ত্রাণ-২)  
ফোনঃ ৯৫১৪২২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাজশাহী/বান্দরবান/খাগড়াছড়ি।
৬. অতিরিক্ত সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১২।
৮. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৯. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
১০. যুগ্ম সচিব (ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. জেলা প্রশাসক,..... (সকল)।
১২. উপদেষ্টার একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
১৩. পরিচালক,....., দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী, ঢাকা-১২১২।

১৪. সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা....., জেলা.....।
১৬. চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬, নবাব আব্দুল গণি সড়ক, ঢাকা।
১৭. প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (তাকে পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১৮. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা..... (সকল)।
১৯. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ..... উপজেলা..... জেলা।